

ডাকসু নির্বাচনের প্রচার শুরু আজ থেকে, দুজনের প্রার্থিতা বাতিলের সুপারিশ



ডাকসু ভবন

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২৬ আগস্ট ২০২৫ | ০৬:১৫ | আপডেট: ২৬ আগস্ট ২০২৫ | ০৭:১৬



ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচনের আনুষ্ঠানিক প্রচার শুরু আজ। আগামী ৭ সেপ্টেম্বর পর্যন্ত প্রচার চালাতে পারবেন প্রার্থীরা।

নির্বাচন কমিশন সূত্র জানায়, ডাকসু ও হল সংসদ নির্বাচনে অংশগ্রহণকারী সব প্রার্থী নির্বাচনী আচরণবিধি মেনে ক্যাম্পাসে এবং আবাসিক হলে রাত ১১টা পর্যন্ত ব্যক্তি অথবা সাংগঠনিক পরিচয়ে প্রচার চালাতে পারবেন। প্রচারকাজ চালানোর নির্ধারিত দিনগুলোতে সামাজিক, আর্থিক ও সেবামূলক সহযোগিতা বা কর্মকাণ্ড পরিচালনা করা যাবে না।

এছাড়া এই দিনগুলোতে প্রার্থীদের পক্ষ থেকে ক্যাম্পাসে বা হলে মাজলিশ-মাহফিল আয়োজন করা কিংবা ধর্মীয় প্রতিষ্ঠানে প্রচার চালানোর কাজ করা যাবে না। এগুলো স্পষ্টত নির্বাচনী আচরণবিধির লঙ্ঘন বলে বিবেচিত হবে এবং এক্ষেত্রে 'নির্বাচন আচরণ বিধিমালা' ধারা-১৭ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ হিসেবে বিবেচ্য হবে।

কমিশন জানায়, ছাত্রী হলগুলোতে প্রার্থীরা প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ১০টা পর্যন্ত নির্বাচনী প্রচার চালাতে পারবেন।

দুজনের প্রার্থিতা বাতিলের সুপারিশ

নিষিদ্ধ ঘোষিত সংগঠন ছাত্রলীগের সঙ্গে ও সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগে ডাকসু নির্বাচনে ভোটের ও প্রার্থী তালিকা থেকে দুজনকে বাদ দেওয়ার সুপারিশ করা হয়েছে। তারা হলেন অপরাধবিজ্ঞান বিভাগের ২০১৪-১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থী মো. জুলিয়াস সিজার তালুকদার ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগের একই সেশনের শিক্ষার্থী বায়েজিদ বোস্তামী।

ট্রাইব্যুনাল কমিটির সভায় এই সুপারিশ করা হয়। প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য বিষয়টি সিভিকিটে পাঠানো হয়েছে। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিষয় : ডাকসু ডাকসু নির্বাচন